

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর  
ইনোভেশন টিম




মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি  
ও পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন টিমের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

|          |   |  |
|----------|---|--|
| সভাপতি   | : | মোঃ সাখাওয়াত হোসেন<br>পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)<br>মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |
| তারিখ    | : | ২০ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ   |
| সময়     | : | বেলা ১২.৩০ ঘটিকা   |
| স্থান    | : | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের সভা কক্ষ  |
| উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক'  |

২। সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট জনাব শংকর ভৌমিক সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম নং- ২.২.৩ ও ২.২.৪ এ কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ এবং কার্যক্রমের ২.২.৫ এ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করার নির্দেশনা রয়েছে। তাছাড়া ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ কার্যক্রমের ১.৩ এ ই-নথির ব্যবহার বৃদ্ধি করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অফিস ও প্রেসসমূহের প্রধানগণ তাদের নিজ নিজ অফিস ও প্রেসসমূহে ই-নথির ব্যবহার বৃদ্ধি করার জন্য সভায় একমত পোষণ করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত ১৫/০১/২০২২ তারিখের মধ্যে কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
- ২। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত ৩১/০১/২০২২ তারিখের মধ্যে কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।
- ৩। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে দেশের বাস্তবায়িত একটি উদ্যোগ পরিদর্শন করতে হবে।
- ৪। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরাধীন অফিস/প্রেসসমূহে লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে।
- ৫। পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ সাখাওয়াত হোসেন)  
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন-৫৫০৩০০২৮  
director@dpp.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর  
ইনোভেশন টিম



নং-০৫.০৪.০০০০.০০৯.৩৪.০২২.২২/৫০৪৩/১২

তারিখ ১৪ পৌষ ১৪২৯  
২২ ডিসেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়/বাংলাদেশ স্টেশনারী অফিস/বাংলাদেশ সরকারী মুদ্রণালয়/  
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস/গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস তেজগাঁও, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (প্রশাসন-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (প্রশাসন-২), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। মূখ্য নিরাপত্তা কর্মকর্তা, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। পরিচালকের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

*Shankar*  
22-12-2022  
(শংকর ভৌমিক)  
সিস্টেম এনালিস্ট  
ও

সদস্য সচিব ইনোভেশন টিম  
ফোনঃ ৫৫০৩০০২০  
systemanalyst@dpp.gov.bd